

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
একটি বাড়ি একটি খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেঃ ১৩)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.ebek-rdcd.gov.bd

স্মারক নং-এবাএখা/প্রশা/ফসিরাজগঞ্জ/১৬৮/২০১০- ১৭৯১

তারিখ: ৩১.১২.২০১৮ খ্রি।


সাময়িক বরখাস্তের অফিস আদেশ

জনাব মোঃ বিপ্লব মিয়া, মাঠসহকারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, কাজীপুর, সিরাজগঞ্জ-কে তার দায়িত্বপ্রাপ্ত খাসরাজবাড়ী ইউনিয়নে দায়িত্বপালনে অবহেলা এবং শৈথিল্যতা প্রদর্শনের কারণে গত ০২.১০.২০১৮ তারিখ প্রকল্প সদর কার্যালয় হতে কৈফিয়ত তলব করা হয়। কিন্তু তিনি অধ্যাবদি কৈফিয়ত তলবের কোন জবাব প্রদান না করাসহ অফিসের কারো সাথে কোন প্রকার যোগাযোগ করেননি। এছাড়া তিনি গত ০১.১০.২০১৮ তারিখ হতে ১২.১২.২০১৮ তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) দিন মাত্র এক ঘন্টা করে অফিসে উপস্থিত ছিলেন। এ বিষয়ে তার দৃষ্টি আকর্ষণ করা হলেও তিনি তাতে কোনো কর্ণপাত করেননি মর্মে উপজেলা নির্বাহী অফিসার, কাজীপুর, সিরাজগঞ্জ প্রকল্প সদর দপ্তরকে লিখিতভাবে অবহিত করেছেন।

০২। বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচরণ, কর্তব্য-কর্মে চরম অবহেলা, ধৃষ্টতা, এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্যের শামিল। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে। এ প্রেক্ষিতে তাকে প্রকল্পের চাকুরি থেকে সাময়িক বরখাস্ত করে উপজেলা নির্বাহী অফিসার, কাজীপুর, সিরাজগঞ্জ এর কার্যালয়ে সংযুক্ত করা হলো।

০৩। এমতাবস্থায়, কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের ৬নং শর্তানুযায়ী ১(এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ১০(দশ) কার্যদিবসের মধ্যে উপজেলা সমন্বয়কারী ও উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ৯৩৬২৭১২ ফ্যাক্সঃ ৯৩৪৮২০৬

headoffice@ebek-rdcd.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, কাজীপুর, সিরাজগঞ্জ।
- ৪। প্রোগ্রামার, একটি বাড়ি একটি খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। জেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, সিরাজগঞ্জ।
- ৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কাজীপুর, সিরাজগঞ্জ।
- ৭। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কাজীপুর, সিরাজগঞ্জ।
- ৮। উপজেলা সমন্বয়কারী, কাজীপুর, সিরাজগঞ্জ।
- ৯। জনাব মোঃ বিপ্লব মিয়া, মাঠসহকারী (সাময়িক বরখাস্তকৃত), কাজীপুর, সিরাজগঞ্জ।
- ১০। অফিস কপি/ব্যক্তিগত নথি